

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়াপরিষদ ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.ccie.gov.bd


নং- ২৬.০৩.০০০০.০০৩.০০১.৩৪.১১৫.১৭.৪১১

তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৪
২৬ সেপ্টেম্বর ২০১৭

অফিস আদেশ

বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় এ দপ্তরের রপ্তানি নিবন্ধন সনদপত্র (ERC) সহজিকরণ করে দুমাসের জন্য পাইলট প্রকল্প হিসাবে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় রপ্তানি নিবন্ধন সনদপত্র (ERC) পাইলট প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। পাইলট প্রকল্পের আওতায় বিদ্যমান ১৫ টি ধাপের পরিবর্তে প্রস্তাবিত ১০ টি ধাপে ও ৫ কর্মদিবস ২ ঘণ্টার পরিবর্তে ২ কর্মদিবস ৪ ঘণ্টা ২০ মিনিট সময়ে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ERC) আগামী ১লা অক্টোবর ২০১৭ তারিখ হতে জারির কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। এক্ষেত্রে আমদানি, রপ্তানি ও ইন্ভেন্টর রেজিঃ বিধি ১৯৮১ ও আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর সকল বিধি-বিধান পরিপালন করতে হবে। উক্ত পাইলট প্রকল্প আগামী ১লা অক্টোবর ২০১৭ তারিখ থেকে শুরু হয়ে আগামী ৩০ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত চলবে। উল্লেখ্য এ দপ্তর হতে ইতিপূর্বে IRC সহজিকরণ করা হয়েছে।

সংযুক্তিঃ সহজিকরণ পদ্ধতির নিয়মাবলী।


২৭/০৯/২০১৭
(প্রাণেশ রঞ্জন সূত্রধর)
প্রধান নিয়ন্ত্রক (অ: দা:)

প্রাপক

নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর

ঢাকা-১০০০।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১। সিনিয়র সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। মহাপরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫। ওয়েবসাইট ও নোটিশ বোর্ড।

৬।।